

তারিখ: ০৪.০৩.২০২৫

প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রামে খোলা সয়াবিনের খুচরা মূল্য ১৬০ টাকা নির্ধারণ করল প্রশাসন

চট্টগ্রামে খোলা ভোজ্যতেলের আমদানিকারক থেকে শুরু করে খুচরা পর্যায়ে দাম নির্ধারণ করা হয়েছে। মঙ্গলবার চট্টগ্রাম সার্কিট হাউজ এর সম্মেলন কক্ষে রমজানে নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্য স্থিতিশীল রাখার লক্ষ্যে বিশেষ টাস্কফোর্স কমিটির সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। চট্টগ্রাম জেলা প্রশাসক ফরিদা খানমের সভাপতিত্বে মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিটি মেয়র ডা. শাহাদাত হোসেন। এসময় উপস্থিত ছিলেন চট্টগ্রাম খাতুনগঞ্জ ট্রেড অ্যাসোসিয়েশনের সভাপতি মোহাম্মদ আবদুস সালাম, টি.কে গ্রুপ এর পরিচালক জাফর আহমেদ চৌধুরী, চট্টগ্রাম প্রেস ক্লাবের সদস্য সচিব আবদুল করিম কচিসহ চেম্বারসমূহের প্রতিনিধিবৃন্দ, ভোজ্য সংগঠনের প্রতিনিধি, খাতুনগঞ্জ ট্রেড অ্যাসোসিয়েশন, বিশিষ্ট ব্যবসায়ীবৃন্দ, সংশ্লিষ্ট কর্মকর্তা ও বিশেষ টাস্কফোর্স সদস্যবৃন্দ। সভার সিদ্ধান্ত অনুযায়ী, আমদানিকারকরা ১৫৩ টাকা, ট্রেডার্সে ১৫৫ টাকা এবং খুচরা পর্যায়ে ১৬০ টাকা প্রতিলিটার খোলা তেল বিক্রি করবে। যা আজ (মঙ্গলবার) থেকে কার্যকর হয়ে আগামী ১০ এপ্রিল পর্যন্ত বলবৎ থাকবে। যেকোনো পর্যায়ে কেউ যদি নির্ধারিত দামের চেয়ে বেশিতে বিক্রি করে তাহলে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নিবে বিশেষ টাস্কফোর্স কমিটি। নির্ধারিত দামের সঙ্গে একমত পোষণ করেছেন ব্যবসায়ী প্রতিনিধিরা।



সোমবার বোতলজাত সয়াবিন তেলের সরবরাহ সংকটে দেশের বৃহত্তম পাইকারি বাজার খাতুনগঞ্জে যান সিটি মেয়র ডা. শাহাদাত হোসেন ও জেলা প্রশাসক ফরিদা খানম। পরিদর্শনে গিয়ে 'ভোজ্যতেল উধাও'র সত্যতা পেয়ে তেলের উৎপাদনকারী, আমদানিকারক ও আড়তদার ব্যবসায়ীদের বৈঠকে সিদ্ধান্ত নেন। সভায় মেয়র বলেন, 'বাংলাদেশের বাইরে যেসব মুসলিম রাষ্ট্রগুলো আছে, সেগুলোতে রমজানে সওয়াবের উদ্দেশ্যে ভর্তুকি দেয়। কম মূল্যে তারা পণ্য বিক্রি করে। কিন্তু বাংলাদেশে দেখা যায়, কিছু ব্যবসায়ীর কারণে রাতারাতি পণ্যের দাম বেড়ে যায়। এই অসাধু ব্যক্তিদের কারণে রমজানকে সামনে রেখে নিত্যপণ্যের দাম উর্ধ্বগতিতে। এমতাবস্থায় ভোজ্যতেলকে প্রাধান্য দিয়ে দাম নির্ধারণ করা হয়েছে। নির্ধারিত দামের বাইরে গিয়ে বেশি দামে কেউ বিক্রি করলে সর্বোচ্চ আইনগত ব্যবস্থা নেওয়া হবে। জেলা প্রশাসনের পাশাপাশি চসিক থেকেও বাজার মরিটরিং করা হবে। চট্টগ্রাম জেলা প্রশাসক ফরিদা খানম বলেন, 'বাজারে ভোজ্যতেলের সংকট চলছে। সেটা কাটিয়ে উঠার জন্য সবার সঙ্গে বৈঠক করা হয়েছে। সিদ্ধান্ত অনুযায়ী খোলা সয়াবিন তেল খুচরায় সর্বোচ্চ ১৬০ টাকায় বিক্রি করা যাবে। কেউ চাইলে এরচেয়ে কমও বিক্রি করা যাবে। তবে নির্ধারিত দামের চেয়ে বেশি নেওয়া যাবে না। এ সিদ্ধান্তের বাইরে গিয়ে কোনো ব্যবসায়ী যদি খুচরা বা পাইকারি বাজারে বেশি দামে তেল বিক্রি করেন। তাহলে বিশেষ টাস্কফোর্স কমিটির মাধ্যমে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।'

অস্বচ্ছল রোজাদারদের সহায়তায় এগিয়ে আসুন: মেয়র ডা. শাহাদাত

আর্থিকভাবে অস্বচ্ছল রোজাদারদের পাশে বিত্তবানদের মানবিক সহায়তা নিয়ে এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন চট্টগ্রাম সিটি মেয়র ডা. শাহাদাত হোসেন। পবিত্র রমজান মাস উপলক্ষে মরহুম হাজী ইসমাইল স্মৃতি ফাউন্ডেশনের উদ্যোগে দুঃস্থ ও অসহায় মানুষের মাঝে ইফতার সামগ্রী বিতরণ অনুষ্ঠানে মেয়র এই মন্তব্য করেন। মঙ্গলবার কালামিয়া বাজার ইপিক নুর ল্যান্ডমার্ক মার্কেট চত্বরে আয়োজিত এ কর্মসূচিতে স্থানীয় গণ্যমান্য ব্যক্তির উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাকলিয়া থানা যুবদলের সাবেক সাধারণ সম্পাদক মো. মুছা। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ডাঃ শাহাদাত হোসেন। মেয়র ডাঃ শাহাদাত হোসেন বলেন, 'রমজান আত্মসংযম ও ইবাদতের মাস। এ মাসে সবার উচিত সমাজের সুবিধাবিধিত মানুষের পাশে দাঁড়ানো। দুঃস্থ ও অসহায় মানুষদের সহযোগিতা করা আমাদের নৈতিক দায়িত্ব। মরহুম হাজী ইসমাইল স্মৃতি ফাউন্ডেশনের এই উদ্যোগ সত্যিই



প্রশংসনীয়। এমন মানবিক কার্যক্রম সমাজে ইতিবাচক পরিবর্তন আনে এবং অসহায় মানুষদের মুখে হাসি ফোঁটায়। "তিনি আরও বলেন, "একটি সমৃদ্ধ ও মানবিক সমাজ গঠনের জন্য দরিদ্র ও অসহায় মানুষের প্রতি সহানুভূতিশীল হওয়া প্রয়োজন। বিত্তবান ও স্বচ্ছল ব্যক্তিদের এগিয়ে আসতে হবে, যাতে কেউ অভুক্ত না থাকে। চট্টগ্রাম সিটি কর্পোরেশন সবসময় মানুষের কল্যাণে কাজ করে যাবে এবং এমন জনকল্যাণমূলক উদ্যোগকে সবসময় উৎসাহিত করবে।" অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মহানগর যুবদলের সাবেক সাংগঠনিক সম্পাদক এমদাদুল হক বাদশা, রোসাঙ্গির আলমগীর, কামরুল এবং ইসমাইল হোসেন লেদু।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০৪৮৮